**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 11.05.2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) চতুর্থ দফার লোকসভা নির্বাচনের প্রচার পর্ব আজ বিকেলে শেষ হয়েছে। এই দফায় রাজ্যের ৮ আসনে ভোটগ্রহণ আগামী ১৩ই মে।

২) বাকি দফার নির্বাচনগুলির জন্য জমে উঠেছে প্রচারাভিযান।

নির্বাচনী প্রচারে আজ ফের রাজ্যে আসছেন প্রধানমন্ত্রী। আগামীকাল চারটি জনসভা করবেন তিনি।

সন্দেশখালি নিয়ে বিজেপির কড়া সমালোচনা, তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর।

৩) উত্তর ২৪ পরগণার সন্দেশখালিতে ফের অবৈধ অস্ত্র উদ্ধারকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

৪) জোড়া ঘূর্ণাবর্ত ও বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বাতাসে প্রবেশ করায় রাজ্যের সব জেলায় আগামী কয়েকদিন বজ্র বিদ্যুত্ সহ বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দপ্তরের।

৫) বৃষ্টির কারণে ইডেনে কলকাতা নাইট রাইডার্স ও মুম্বই ইন্ডিয়ান্সের মধ্যে আইপিএল-এর ম্যাচে বিলম্ব।

---

চতুর্থ দফার লোকসভা নির্বাচনে প্রচারপর্ব আজ বিকেলে শেষ হয়েছে।

এই দফায় দেশে ৯৬-টি আসনে ভোট নেওয়া হবে আগামী সোমবার ১৩ই মে। এর মধ্যে রয়েছে রাজ্যের ৮-টি আসন – বহরমপুর, কৃষ্ণনগর, রানাঘাট, বর্ধমান পূর্ব, বর্ধমান-দুর্গাপুর, আসানসোল, বীরভূম ও বোলপুর।

চতুর্থ দফায় এক কোটি ৪৫ লক্ষ ৩০ হাজারের বেশি ভোটদাতা মোট ৭৫ জন প্রার্থীর রাজনৈতিক ভাগ্য নির্ধারণ করবেন। মহিলা ভোটারের সংখ্যা ৭১ লক্ষ ৪৫ হাজার ৩৭৯ জন। নতুন ভোটারের সংখ্যা ৩ লক্ষ ২৩ হাজার ৫৪৪ জন। ৮৫ বছরের বেশি বয়সী ভোটার রয়েছেন ৭০ হাজার ৬৪৭ জন। মোট ১৫ হাজার ৫০৭টি ভোট কেন্দ্র খোলা হয়েছে। যার মধ্যে ৩,৬৪৭ টি ভোটকেন্দ্রকে সংকট প্রবন হিসেবে চিহ্নিত করেছে নির্বাচন কমিশন। সমস্ত ভোটকেন্দ্রেই ওয়েব কাস্টিং এর ব্যবস্থা থাকছে।

॥চতুর্থ দফার ভোটের নিরাপত্তায় ৫৭৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়ন করা হয়েছে। এর পাশাপাশি ৩০ হাজারের বেশি রাজ্য পুলিশ অবাধ ও সুষ্ঠু নির্বাচন পরিচালনার কাজে ব্যবহার করা হবে। থাকছে প্রায় ১৫০ টি কুইক রেসপন্স টিম। জিপিএস মারফত তাদের গতিবিধির ওপর কেন্দ্রীয়ভাবে নজরদারি চলবে। ভোটে নিরাপত্তায় ব্যবহার করা হবে হেভি রেডিও ফ্লাইং স্কোয়াড।

বীরভূম আসন নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

------------------

সোমবার ১৩-ই মে রাজ্যের ৮-টি আসনের ভোটপর্ব নিয়ে শুনবেন সংবাদবিভাগের বিশেষ আলোচনা –

"জনমত – ২০২৪, চতুর্থ দফার ভোট"।

আলোচনায় অংশ নেবেন রাজনৈতিক বিশ্লেষক বিশ্বনাথ চক্রবর্তী এবং সাংবাদিক সুমন ভট্টাচার্য। সঞ্চালনায় সংযুক্তা সিংহ।

অনুষ্ঠানটি শোনা যাবে রাত ৮-টা ৫ থেকে গীতাঞ্জলি এবং ১০৭ মেগাহার্টস্ প্রচার তরঙ্গে। সোশ্যাল মিডিয়াতেও সরাসরি শোনা যাবে এই অনুষ্ঠান।

-----------------

লোকসভা নির্বাচনের বাকি দফাগুলির জন্য জমে উঠেছে প্রচারাভিযান।

শীর্ষ বিজেপি নেতা, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নির্বাচনী প্রচারে আজ ফের রাজ্যে আসছেন। রাতে কলকাতা পৌঁছে রাজভবনে থাকবেন তিনি। আগামীকাল তাঁর চারটি জনসভা রয়েছে। ব্যারাকপুরের বিজেপি প্রার্থীর সমর্থনে জগদ্দলে প্রথম জনসভা করবেন তিনি। এরপর হাওড়ার পাঁচলা, হুগলীর চুঁচুড়া ও পুরশুড়ায় তিনটি জনসভায় প্রধানমন্ত্রীর ভাষণ দেওয়ার কথা।

এই সফরকে কেন্দ্র করে শহর জুড়ে কড়া নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে।

তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ হুগলির সপ্তগ্রাম এবং হাওড়ার জগত্ বল্লভপুরে দুটি জনসভা করেছেন। সপ্তগ্রামের সভা থেকে তিনি বলেন, লক্ষ্মীর ভান্ডার প্রকল্প কোনোভাবেই তিনি বন্ধ হতে দেবেন না।

বাইট মমতা

সন্দেশখালি নিয়ে বিরোধী দলগুলি বিশেষত বিজেপির কড়া সমালোচনা করেন তিনি। মুখ্যমন্ত্রী বলেন, এই নির্বাচনে মোদী সরকারের পতন নিশ্চিত। তৃতীয় দফার ভোটের পর বিজেপি সেটা খুব ভালোই বুঝতে পেরেছে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ পূর্ব বর্ধমানের রায়নার হরিপুর গ্রামে দলীয় প্রার্থীর সমর্থনে জনসভায় করেন। তাঁর অভিযোগ, তৃণমূল সরকার রাজ্যের

মানুষের প্রতি বঞ্চনা করছে। লক্ষ্মীর ভান্ডার প্রসঙ্গে শুভেন্দু বাবু বলেন, বিজেপি এই প্রকল্প বন্ধের পক্ষপাতী নয়।

বাইট শুভেন্দু

বিজেপি নেতা ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা আজ বীরভূমে দলীয় প্রার্থীর সমর্থনে প্রচার সারেন।

অন্যদিকে, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় আজ হাওড়ার পাঁচলায় দলীয় প্রার্থীর সমর্থনে এক জনসভায় যোগ দেন। পূর্ব বর্ধমানের মেমারির হাট গোবিন্দপুরেও একটি জনসভা করেছেন তিনি।

এদিকে বীরভূমের মহম্মদ বাজারের মকদমনগর গ্রামে প্রচারে গিয়ে তৃণমূল কংগ্রেস প্রার্থী শতাব্দী রায়কে স্থানীয় মহিলাদের বিক্ষোভের মুখে পড়তে হয়। স্থানীয় জলের ঘাটতি এবং রাস্তাঘাটের দুরবস্থা নিয়ে ক্ষোভ প্রকাশ করেন তারা।

প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরী আজ রোডশো–এর মাধ্যমে জন সংযোগ সারেন।

বাম দলগুলির নেতারাও দলীয় প্রার্থীদের সমর্থনে রোডশো, জনসভা, পথসভা করছেন।

------------------

প্রচার চলাকালীন তৃণমূল কংগ্রেস কর্মীদের সঙ্গে বিজেপি কর্মী সমর্থকদের খন্ডযুদ্ধে আজ বর্ধমানের ঢলদিঘি এলাকা উত্তপ্ত হয়ে ওঠে। বর্ধমান-দুর্গাপুরের দলীয় প্রার্থীর সমর্থনে বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার রোড শো করছিলেন। রাজবাটি থেকে শুরু হয়ে মিছিল ঢলদিঘির কাছে এলে গোলমাল শুরু হয়। নিরাপত্তা কর্মীরা দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

------------------

নির্বাচনী প্রচারের মধ্যেই তৃণমূল কংগ্রেসের পুরুলিয়া আসনের নির্বাচনী কোর কমিটি থেকে ইস্তফা দিয়েছেন দলের জেলা সহ সভাপতি দিব্যজ্যোতি প্রসাদ সিং দেও। নির্বাচন সংক্রান্ত কোনো বিষয়ে তাকে অবহিত করা হচ্ছিল না বলে অভিযোগ করেছেন তিনি। তবে তৃণমূল কংগ্রেস ইস্তফার কথা অস্বীকার করেছে।

------------------

সিপিআইএম, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের ভূমিকায় ক্ষোভ প্রকাশ করেছে। দলের তরফে তোলা বিভিন্ন অভিযোগের ভিত্তিতে যে অ্যাকশন টেকেন রিপোর্ট দলের কাছে পাঠানো হয়েছে, তা মন গড়া ও অসত্য বলে সিপিআইএম নেতা শমীক লাহিড়ী মন্তব্য করেছেন।

বাইট

আজ সিপিআইএম-এর একটি প্রতিনিধি দল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাবের সঙ্গে দেখা করে। দলে শমীক বাবু ছাড়াও ছিলেন রবীন দেব, কল্লোল মজুমদার প্রমুখ।

------------------

উত্তর ২৪ পরগণার সন্দেশখালির পিপড়েখালি এলাকায় অবৈধ অস্ত্র উদ্ধার ও দুষ্কৃতীদের গ্রেপ্তারের দাবিতে বিজেপি কর্মী সমর্থকরা আজ পিপড়েখালি ফেরিঘাট এলাকায় বিক্ষোভ দেখিয়েছেন। জানা গেছে, গতসন্ধ্যায় ঐ এলাকায় শাসকদলের একটি জনসভা হয়। তারপরই তৃণমূল আশ্রীত দুষ্কৃতীরা আগ্নেয়াস্ত্র হাতে স্থানীয়দের ভয় দেখাতে শুরু করে। এলাকাবাসী এক দুষ্কৃতীকে ধরে ফেলে আগ্নেয়াস্ত্র সহ তাকে

পুলিশের হাতে তুলে দেয়। এরকম আরও আগ্নেয়াস্ত্র ঐ এলাকায় রয়েছে বলে তাদের দাবি। সিবিআই তদন্তেরও দাবি উঠেছে।

এদিকে এই ঘটনাকে কেন্দ্র করে শুরু হয়েছে রাজনৈতিক চাপান উতোর।

সন্দেশখালি দুষ্কৃতীদের স্বর্গরাজ্যে পরিণত হয়েছে বলে প্রদেশ কংগ্রেস সভাপতি, সাংসদ অধীর রঞ্জন চৌধুরী মন্তব্য করেছেন। আজ মুর্শিদাবাদের বহরমপুরে, জেলার কার্যালয়ে সাংবাদিকদের কাছে তিনি বলেন,

বাইট

সন্দেশখালিতে শেখ শাহজাহানের মতো দেশদ্রোহীদের তৃণমূল কংগ্রেস সদত দিচ্ছে বলে বিজেপি অভিযোগ করেছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন,

বাইট

-----------------

পানীয় জলের দাবিতে আজ পানিহাটি পৌরসভার ২৮ নম্বর ওয়ার্ডের সুনিত ব্যানার্জি রোডের বাসিন্দারা অনশন আন্দোলন শুরু করেছেন। তাঁদের অভিযোগ, দীর্ঘদিন ধরে নিয়মিত ভাবে পানীয় জল মিলছে না। একাধিক বার পৌরসভাকে জানানোর পরেও কোনো সমাধান হয়নি। প্রতিবাদে আজ সকাল থেকেই এলাকারই একটি ক্লাবে অনশন মঞ্চ করে অবস্থান বিক্ষোভে বসেছেন জনা ২৫ স্থানীয় বাসিন্দা। সমস্যা না মেটা পর্যন্ত তাদের অনশন চলবে বলে জানিয়েছেন তারা।

-----------------

জোড়া ঘূর্ণাবর্ত ও বঙ্গোপসাগর থেকে জলীয় বাষ্প বাতাসে প্রবেশের ফলে রাজ্যের সব জেলায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস দিয়েছে আবহাওয়া দপ্তর। দুই ২৪ পরগনা, মেদিনীপুর, বর্ধমান, বাঁকুড়ায় আজ বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে। আগামী ১৩ তারিখ পর্যন্ত দক্ষিণবঙ্গে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি এবং ঘন্টায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝোড়ো বয়ে যাওয়ার সম্ভাবনা।

উত্তরবঙ্গের কালিম্পং, দার্জিলিং, কোচবিহার, আলিপুরদুয়ার, দক্ষিণ দিনাজপুরে এই সময়ে বজ্র-বিদ্যুৎ সহ বৃষ্টি এবং ঘন্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝোড়ো হাওয়া বইতে পারে বলে আবহাওয়া দপ্তর জানিয়েছে।

আজ দুপুর থেকেই রাজ্যের বিভিন্ন জেলায় ঝড় বৃষ্টির খবর মিলেছে।

বীরভূমের নানুর থানা এলাকার চারকোল গ্রামে আজ বিকেলে মাঠে কাজ করার সময় বাজ পড়ে জ্যোৎস্না থান্ডার নামে এক মহিলার মৃত্যু হয়েছে। আহত একাধিক।

অন্যদিকে, ডোংরা গ্রামে মাঠে গবাদি পশু চড়ানোর সময় বজ্রাঘাতে সুরথ গড়াই নামে এক ব্যক্তি প্রাণ হারিয়েছেন।

------------------

বৃষ্টির কারণে আজ ইডেনে কলকাতা নাইট রাইডার্স ও মুম্বই ইন্ডিয়ান্স এর মধ্যে আইপিএলের ম্যাচ শুরু হতে কিছুটা দেরি হয়। এই মাত্র খবর পাওয়া গেছে, বৃষ্টি বন্ধ হয়েছে। মাঠ কর্মীরা ম্যাচ শুরুর প্রস্তুতি আরম্ভ করেছেন।

------------------ ------------------